

নভেম্বর ১৭, ২০২০

বাংলাদেশ হেলথ ওয়াচ ওয়েবসাইট উদ্বোধন

বাংলাদেশ হেলথ ওয়াচ একটি নাগরিক উদ্যোগ। তথ্য ও প্রমাণের ভিত্তিতে স্বাস্থ্যনীতি পর্যালোচনা এবং জনগণের মতামত নিয়ে দেশের স্বাস্থ্য ব্যবস্থাপনায় জবাবদিহিতার উন্নয়নে কাজ করে আসছে **বাংলাদেশ হেলথ ওয়াচ**। দেশে স্বাস্থ্যসেবা প্রদানকারী, প্রোগ্রামার, গবেষক এবং নাগরিকদের মতামত গ্রহণ করে নীতিমালা প্রণয়ন এবং গৃহীত কার্যক্রমগুলি যাতে নাগরিকদের স্বাস্থ্যের উপরে ইতিবাচক প্রভাব ফেলতে পারে সেই লক্ষ্যে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম তৈরি করা বাংলাদেশ হেলথ ওয়াচ এর একটি অন্যতম লক্ষ্য।

মানসম্পন্ন সেবা ও সমতাভিত্তিক স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ হেলথ ওয়াচ যেসব কার্যক্রম পরিচালনা করে আসছে, তা সবার মাঝে তুলে ধরার জন্য সংগঠনটি সম্প্রতি একটি তথ্যবহুল ওয়েবসাইট তৈরি করে। এই ওয়েবসাইটের বিভিন্ন তথ্য স্বাস্থ্যখাত উন্নয়নকল্পে নীতিনির্ধারণে যেমন ভূমিকা রাখবে তেমনি গবেষকদের নতুন গবেষণার ক্ষেত্র তৈরিতেও সহায়ক হবে। ১৭ নভেম্বর, মঙ্গলবার ২০২০ তারিখে আনুষ্ঠানিকভাবে এই ওয়েব সাইট এর উদ্বোধন করা হয়।

অনলাইন ভিত্তিক এই ওয়েব সাইটটি উদ্বোধন করেন বিশিষ্ট শিক্ষাবিদ ও বাংলাদেশ হেলথ ওয়াচ এর উপদেষ্টা মন্ডলীর সভাপতি প্রফেসর রওনক জাহান। এই উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ হেলথ ওয়াচের কনভেনার ড. আহমদ মোশতাক রাজা চৌধুরী।

বাংলাদেশ হেলথ ওয়াচ সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ ও ওয়েবসাইট সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন করেন সংগঠনটির উপদেষ্টা ডাঃ ইয়াসমিন আহমেদ। তিনি আরো উল্লেখ করেন এই ওয়েবসাইট এর তথ্য হালনাগাদ করা হবে যার মাধ্যমে ভবিষ্যতে সবাই উপকৃত হবে। তিনি তার বক্তব্যে সবাইকে এটি নিয়মিত ভিজিট করার আহ্বান জানান।

অনলাইন ভিত্তিক এই উদ্বোধনী অনুষ্ঠানে সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, চিকিৎসক, মিডিয়া ব্যক্তিত্বসহ অন্যান্য বিশিষ্ট নাগরিকগণ সংযুক্ত ছিলেন।

বাংলাদেশ হেলথ ওয়াচ, ঢাকা
১৭ নভেম্বর ২০২০

বাংলাদেশ হেলথ ওয়াচ

৬৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, ৫ম তলা, আইসিডিডিআর,বি ভবন, মহাখালী, ঢাকা-১২১২, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৯৮২৭৫০১-৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮৮১০৩৮৩, ইমেইল: bhwh@bracu.ac.bd, ওয়েব: bangladeshhealthwatch.org